



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০

mail: nupr1992@gmail.com

তারিখ: ১৪ জানুয়ারি, ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিষয়ে প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের উদ্যোগে ‘স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস’ বিষয়ে বিশেষ শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের চতুর্থ দিনে শিক্ষাসফর অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৩ জানুয়ারি ২০২৩) দিনব্যাপী এই শিক্ষা সফর অনুষ্ঠিত হয়।

এদিন সকালে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন প্রশিক্ষণার্থীরা। এসময় তাদের সঙ্গে ছিলেন বীর মুক্তিযোদ্ধা কর্নেল (অব.) সাজ্জাদ আলী জহির বীর প্রতীক, বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. মো. মনিরুজ্জামান শাহীন। শ্রদ্ধা নিবেদন শেষে প্রশিক্ষণার্থীরা বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ঘুরে দেখেন। তাদের সার্বিক সহযোগিতা করেন বঙ্গবন্ধু জাদুঘরের কিউরেটর সাবেক শিক্ষাসচিব নজরুল ইসলাম (এন আই) খান।

এরপর প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিভিন্ন সরকারি-বেসরকারি কলেজের ৮০জন শিক্ষক আগারগাঁওয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শনে যান। সেখানে তারা জাদুঘরে মুক্তিযুদ্ধের বিভিন্ন ঐতিহাসিক জিনিসপত্র ঘুরে দেখেন। জাদুঘর কর্তৃপক্ষ তাদের একটি তথ্যচিত্র প্রদর্শন করে দেখান। পুরোদিন তাদেরকে বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন সাজ্জাদ আলী জহির। তিনি ঘুরে ঘুরে প্রশিক্ষণার্থীদের মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনা সম্পর্কে বর্ণনা দেন এবং দেখান।

এদিকে আজ শনিবার (১৪ জানুয়ারি ২০২৩) প্রশিক্ষণের পঞ্চম দিনে গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে প্রশিক্ষণার্থীদের পড়িয়েছেন দুইজন বীর মুক্তিযোদ্ধা। সকালের সেশনে ‘১৯৭১: গেরিলাযুদ্ধ, মিত্রবাহিনীর ভূমিকা ও পাকিস্তানিদের আত্মসমর্পণ’ শীর্ষক বিষয়ে পাঠদান করেছেন কর্নেল (অব.) সাজ্জাদ আলী জহির বীর প্রতীক। আর দ্বিতীয় সেশনে ‘অপারেশন জ্যাকপট’ শীর্ষক বিষয়ে প্রশিক্ষণার্থীদের পাঠদান করেছেন বীর মুক্তিযোদ্ধা আবদুল ওয়াহেদ চৌধুরী বীর উত্তম।

মো. আতাউর রহমান

পরিচালক

জনসংযোগ দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়